

BANGLA

বস্তিতে চোর

A Thief in the Basti

গল্প

সোনম, রিতিক, বিক্রম, অজয়

ছবি

উবিতা লীলা উন্নি

Story

Sonam, Ritik, Vikram, Ajay

Illustrations

Ubitha Leela Unni

মুসুফান



eklavya



বস্তিতে চোর A Thief in the Basti

গল্প সোনম, রিতিক, বিক্রম, অজয়

বাংলা অনুবাদ বৈদেহী সেনগুপ্ত

ইংরেজি অনুবাদ মহীন মির্জা

ছবি উবিতা লীলা উন্নি

Story **Sonam, Ritik, Vikram, Ajay**

Bangla Translation **Baidehi Sengupta**

English Translation **Maheen Mirza**

Illustrations **Ubitha Leela Unni**



eklavya

বরখেড়ি বস্তিতে
চার বন্ধু থাকতো –
রিতিক, আরমান,
মায়া আর আনোখী।

There were
four friends
in Barkhedi
Basti – Ritik,
Arman, Maya
and Anokhi.





একদিন রিতিকের চপ্পল জোড়া
হারিয়ে গেলো।

ও খাটের নীচে খুঁজলো।

ও চানঘরের দরজার সামনে
দেখলো।

ও দোলনার আশেপাশে দেখলো।

ও সব জায়গায় খুঁজে দেখলো।

কিন্তু চটি জোড়া কোথাও খুঁজে
পেলো না।

One day, Ritik lost his slippers.

He looked under the bed. He
looked outside the bathroom.

He looked near the swings. He
looked everywhere.

But he could not find them.



কয়েকদিন বাদে আরমানের চটি
দুপাটি হারিয়ে গেলো।

ও বাতুলকে গিয়ে জিজ্ঞেস করলো
সে কোথাও ওর চপ্পল দেখেছে
কিনা।

ও সুখবিন্দর আর নুরির কাছেও
জানতে চাইলো।

তারপর একে একে সবাইকে
জিজ্ঞেস করলো।

কিন্তু কেউ ওর চটি দেখেনি।

A few days later, Arman lost his
slippers.

He asked Batul if she had seen
them anywhere.

He asked Sukhvinder and Noori
too.

He asked everyone.

But no one had seen them.



আরো কিছুদিন কেটে যেতে
আনোখীও ওর চপ্পল জোড়া
হারিয়ে ফেললো।

ও চারদিকে তন্ন তন্ন করে
খুঁজলো।

ও সব্বাইকে জিজ্ঞেস
করলো ওর চটির কথা।

কিন্তু তাও কিছুতেই ও সেই
চটিগুলো খুঁজে পেলো না।

A few days went by
when Anokhi too lost
her slippers.

She looked
everywhere.

She asked everyone.
But she too could not
find them.

চার বন্ধু খুব চিন্তায় পড়ে গেলো।
“কে এভাবে আমাদের জুতো চুরি
করে পালাচ্ছে?”


রিতিকের মাথায় একটা বুদ্ধি এলো,
“আমরা মায়ার চপ্পলের দিকে নজর
রাখবো। যেই চোর ওগুলো চুরি
করতে আসবে, আমরা তাকে
ধরে ফেলবো।”

The four friends were worried.
“Who could be stealing our
slippers?”

Ritik had an idea, “We will
keep a watch on Maya’s
slippers. When the thief
comes to take them, we will
catch him.”







পরের দিন রাতে ওরা দরজার বাইরে হঠাৎ
একটা শব্দ শুনতে পেলো।

পা টিপে টিপে জানলার কাছে গিয়ে ওরা
বাইরে উঁকি মারলো।

কিন্তু চোর বাবাজির চেহারা দেখে চার বন্ধু
একেবারে তাজ্জব বনে গেলো।

ওরা যেমন ভেবেছিল, চোর একেবারেই
তেমন নয়।

The next day, late in the evening,
they heard a sound outside the
door.

They tiptoed to the window and
peeped outside.

Seeing the thief, the four of them
were stunned.

He was nothing like what they had
imagined.

চোর মায়ার দুপাটি চটি তুলে নিয়ে হাঁটা লাগালো।
বাচ্চারাও তার পিছু নিলো।

The thief picked up Maya's slippers and set off.
The children followed him.



ওঁরা দেখলো চোর মায়ার চটি
জোড়া নিয়ে ংকটা গর্তের মধ্যে
লুকিয়ে রাখলো ।

তারপর গর্তের মুখটাকে ভালো
করে মাটি দিয়ে ঢেকে দিলো ।

আর সব শেষে গ্যাঁট হয়ে তার
ওপরে বসে পড়লো ।


ও নিজের সব গুপ্তধন ওখানেই
লুকিয়ে রাখে ।


They saw the thief hiding
Maya's slippers in a hole.

Then he covered the hole
with mud.

And sat right on top of it.

This is where he kept his
treasures.



A dark blue night sky with a crescent moon and a few stars. On the left, a large, brown, textured object, possibly a tree trunk or a large rock, is partially visible. In the foreground, four children are looking up. A girl in the center has a surprised expression with wide eyes and an open mouth. To her left, a girl is partially visible, covering her mouth with her hand. To her right, a boy is also looking up. On the far right, another girl is partially visible, looking towards the center. The children are wearing red tank tops.

চার বন্ধু ভাবতে লাগলো, “আমরা
তবে চটিগুলো ফেরত পাবো কী করে?
কে ওর কাছ থেকে চটি ফেরত নিয়ে
আসবে? ওকে খুব ভয়ানক দেখতে!”

The four wondered, “How do we
get our slippers back? Who will go
and get them from him? He looks
dangerous.”



আনোখী একটা উপায় বের করলো। “আমরা বরং রোজ আমাদের খাবারের থেকে ওকে একটু একটু করে ভাগ দেবো। তাহলে ও আমাদের বন্ধু হয়ে যাবে।”

রোজ চার বন্ধু চোরকে নিজেদের খাবার থেকে ভাগ দিতে শুরু করলো। আর কিছু দিনের মধ্যেই চোর সত্যি সত্যি ওই চারজনকে নিজের বন্ধু বলে মেনে নিলো। যখনই ওদের মধ্যে কোনো একজনকে দেখতো, অমনি দৌড়ে তার কাছে চলে যেতো।

Anokhi had an idea, “Let us share our food with him everyday. Then he will become our friend.”

The four started sharing their food with the thief. And sure enough, in a few days the thief accepted their friendship. Whenever he saw any one of them, he would rush to meet them.







তাই আজ ওরা সবাই মিলে চোরের সঙ্গে তার গুপ্ত ভাণ্ডারে গিয়ে চোরকে ওদের চটিগুলো ফেরত দিতে বললো।

মস্ত বড়ো কালো কুকুরটা গর্ত খুঁড়ে সেখান থেকে ওদের চটিগুলো বের করে চার বন্ধুকে ফেরত দিয়ে দিলো।

So today they walked with him to his treasure hole and asked for their slippers back. The big black dog dug up the hole, pulled out their slippers and returned them to his four friends.

বস্তিতে চোর / A Thief in the Basti

লেখক: সোনম, রিতিক, বিক্রম, অজয়

ইংরেজি অনুবাদ: মহীন মিজা

বাংলা অনুবাদ: বেদেহী সেনগুপ্ত

ছবি: উবিতা লীলা উন্নী

ডিজাইন: কনক শশী

বাংলা সম্পাদনা ও সংযোজনা: আবুক ফাউন্ডেশন

Story: Sonam, Ritik, Vikram, Ajay

English Translation: Maheen Mirza

Bangla Translation: Baidehi Sengupta

Illustrations: Ubitha Leela Unni

Design: Kanak Shashi

Bangla Editing & Coordination: Bhabook Foundation

‘Basti me Chor / A Thief in the Basti’ গল্পের বাংলা অনুবাদ যা হিন্দি-ইংরেজিতে একলব্য দ্বারা প্রকাশিত।

Bangla translation of story ‘Basti me Chor / A Thief in the Basti’ published in Hindi-English by Eklavya.



একলব্য এবং মুসকান, ডিসেম্বর 2020

বাংলা অনুবাদ: একলব্য ফাউন্ডেশন, ফেব্রুয়ারী 2024

এই বইটি ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-ND) এর অধীনে পড়ে। এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - <https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/>

মূল লেখক, চিত্রশিল্পী, প্রকাশকের নাম উল্লেখ করে, অনুরূপ লাইসেন্সের অধীনে কোন অপেশাদার উদ্দেশ্যে এই বইয়ের কপি করা, বিতরণ করা ও নাট্যরূপ দেওয়া বৈধ। এ ব্যতীত অন্য কোন কারণে প্রকাশকের মাধ্যমে মুসকান-এর সঙ্গে যোগাযোগ করা যাবে।

প্রথম সংস্করণ: ফেব্রুয়ারী 2024 / 1000 কপি

কাগজ: 100 gsm ম্যাট আর্ট এবং 220 gsm পেপার বোর্ড (প্রচ্ছদ)

ISBN: 978-81-19771-22-6

মূল্য: ₹ 60.00



এইচ টি পারেখ ফাউন্ডেশন (H T Parekh Foundation) -এর আর্থিক সহায়তায় প্রকাশিত।

মুসকান-এর সৃজন

প্রকাশক

একলব্য ফাউন্ডেশন (Eklavya Foundation)

জামনালাল বাজাজ পরিসর,

জাটখাড়ী, ভোপাল – 462 026 (মপ্র)

ফোন: +917552977770-71-72

www.eklavya.in

ডেভেলপার

মুসকান (Muskaan)

মিট্রি কা ঘর, প্লট নং. 264-65, নীলবড়

ভদভদা রোড, ভোপাল – 462 044 (মপ্র)

www.muskaan.org

publications@muskaan.org

সম্পাদনা ও সংযোজনা

আবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

কৃষ্টি নেস্ট, ৩য় তল, ফ্ল্যাট নং – 302,

কালিপার্ক, রাজারহাট, 24 পরগনা (উ), পশ্চিমবঙ্গ,

কলকাতা – 700 136

ফোন: +917044705339

মুদ্রণ: আদর্শ প্রাইভেট লিমিটেড, ভোপাল; ফোন - +91 755 255 5442

গল্প হওয়ার গল্প

বরাখেড়ি বস্তির ক্লাসরুমে একদিন জ্যোতি দিদিমনি শুনতে পান, তাঁর ক্লাসের বাচ্চাদের চটি হারিয়ে যাচ্ছে খালি। বিক্রমের খুব মন-মেজাজ খারাপ। সারাদিন ও চটিগুলো পরে ঘুরছিল। আর এখন সেগুলো কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। অন্যদেরও একই রকমের অভিজ্ঞতা হয়েছে। সেই সব গল্প শুনতে শুনতে কেটে গেলো পরের কয়েকটা দিন।

হারানো চটি আবার ফিরে এলো লেখার খাতায় আর ধীরে ধীরে তৈরি হলো একটা মজার গল্প। দিদিমনি ছোটোদের গল্প লেখার কাজে সাহায্য করলেন। ছোটোরা ভেবে ভেবে কিছু নতুন কথা গল্পের মধ্যে জুড়ে দিলো। তারা কুকুরের সাথে বন্ধুত্ব পাতানোর কথা লিখলো। কারণ তাদের মনে হয়েছিল, এতে গল্পটা আরও মজাদার হবে।

গল্প তো হলো... এবার তার একটা নাম দিতে হবে। একজন বললো, ‘বস্তিতে চোর’ নাম দিলে কেমন হয়? দিদিমনি জানতে চাইলেন, ‘কুকুর’ বা ‘চটি জুতো’ কেনো নাম হবে না? তখন বাচ্চারা জানিয়েছিল, ওরা কখনও কিছু চুরি না করলেও বাইরের লোকেরা ওদের অকারণে চোর বলে মনে করে। যদিও কুকুরটা ওদের চটি নিয়ে চলে যেতো, কিন্তু তাকে ওরা বন্ধু বলেই মনে করতে চায়। তাই গল্পের এই নামটাই ওদের প্রিয় নাম।

In the classroom at Barkhedi Basti, the teacher, Jyoti overheard the children discussing that they had been losing their slippers. Vikram was upset. He had worn them through the day and now, they couldn't be seen. Others had similar stories to tell. This discussion carried on for the next few days.

The disappearing footwear reappeared in a writing activity and took the form of a story. The teacher facilitated its sequencing onto pages. The children also added an important segment to the story — about making friends with the dog to get their slippers back. They thought this would make it funny.

When the time came to discuss the title of the story, one of them suggested 'Basti Mein Chor' to which the teacher asked why not have 'dog' or 'slippers' in the title. In response, they said that they are considered thieves even when they have not stolen anything. Even though he had taken away their slippers, they still chose to make the dog their friend. They were sure of the title they wanted to give to their story.

পরিচয়

সোনম, রিতিক, বিক্রম আর অজয় ভোপালের বরাখেড়ি বস্তিতে থাকে। ওরা সবাই অগরিয়া সম্প্রদায়ের মানুষ যাদের চিরাচরিত পেশা হলো ধাতুর কাজ ও ঢালাই করা।

ওদের বয়স ১০ থেকে ১৩-র মধ্যে। সোনম সবথেকে চুপচাপ, কিন্তু স্বাধীনচেতা। রিতিক কোনো কিছুতেই বিশেষ ঘাবড়ায় না, ভাষা নিয়ে জানতে আর খেলা করতে পছন্দ করে। বিক্রম তার ছোট ভাই-বোনদের দেখাশোনা করে। তবে যখন ওর পড়াশোনা করতে ইচ্ছে করে, তখন ঠিক সময় বের করে নেয়। অজয় ওদের মধ্যে সবথেকে ছোটো আর বিক্রমের নেওটা। বিক্রম যা যা করে, ওর ও তাই করা চাই।

Sonam, Ritik, Vikram and Ajay live in Bhopal's Barkhedi Basti. They belong to the Agariya community whose traditional occupation has been making and moulding metal implements and tools.

All four are in the age group 10 to 13 years. Sonam, the quietest is the most independent. Ritik, an untroubled person by nature, enjoys learning and playing with languages. Vikram has to often take care of his siblings, and he studies when he wants to and can make time for it. Ajay, the youngest of the four, usually follows in Vikram's footsteps.

উবিতা লীলা উন্নি

অলংকরণ ও ডিজাইন-এ দক্ষ উবিতা গল্পের সাথে মিলিয়ে ছবি আঁকতে ভালোবাসেন। মুসকান থেকে প্রকাশিত অনেক ছোটোদের বই-এর অলংকরণ করেছেন তিনি। উবিতা কেরালার অধিবাসী।

Ubitha Leela Unni

A designer & illustrator, who loves to draw for narratives. She has illustrated & designed many children's books for Muskaan. Currently, she lives in Kerala.

একদিন রিতিক ওর চটিজোড়া হারিয়ে
ফেললো। কয়েকদিন বাদে আরমানের
চটিগুলোকেও আর খুঁজে পাওয়া
যাচ্ছিল না। তারপর আনোখীর পালা।
ওর চপ্পলেরও দেখা নেই। কেউ
কি তবে ওদের চটিগুলো চুরি করে
নিচ্ছে? কে এমন কাজ করতে পারে?

One day, Ritik lost his slippers.
A few days later, Arman lost
his slippers. Then Anokhi also
lost her slippers. Has someone
been stealing their slippers?
Who could it be?



মূল্য: ₹ 60.00

